মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০২০/১৪১

তারিখঃ ০৫ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয় ও সময় সকাল ১০.০০ টা থেকে ১.০০ টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় ও সময় বিকাল ২.০০ টা থেকে ৫.০০ টা পর্যন্ত	বিষয় কোড
১। বাংলা (আবশ্যিক) -১ম পত্র	১০১	০৩/০২/২০২০ সোমবার	X	X
১। বাংলা (আবশ্যিক) -২য় পত্র	১০২	০৪/০২/২০২০ মঙ্গলবার	X	X
১। ইংরেজি (আবশ্যিক) -১ম পত্র	১০৭	০৬/০২/২০২০ বৃহস্পতিবার	X	X
১। ইংরেজি (আবশ্যিক) -২য় পত্র	১০৮	০৯/০২/২০২০ রবিবার	X	X
১। গণিত (আবশ্যিক)	১০৯	১১/০২/২০২০ মঙ্গলবার	X	X
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	১২/০২/২০২০ বুধবার	X	X
১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়) ২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়) ৩। সঙ্গীত (তত্ত্বীয়) ৪। আরবি ৫। সংস্কৃত ৬। পালি ৭। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়) ৮। চারু ও কারুকলা (তত্ত্বীয়)	১৫১ ১৩৪ ১৪৯ ১২১ ১২৩ ১২৪ ১৩৩ ১৪৮	১৩/০২/২০২০ বৃহস্পতিবার	১। শারীরিক শিক্ষা,স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধূলা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)	১৪৭
১। ইসলাম ও নৈতিক শিক্ষা ২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা ৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা ৪। খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২ ১১৩ ১১৪	১৫/০২/২০২০ শনিবার		
১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়) ২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা ৩। ফিন্যান্স ও ব্যাংকিং	১৩৬ ১৫৩ ১৫২	১৭/০২/২০২০ সোমবার	X	X
১। ভূগোল ও পরিবেশ	১১০	১৮/০২/২০২০ মঙ্গলবার	১। ক্যারিয়ার শিক্ষা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)	১৫৬
১। রসায়ন (তত্ত্বীয়) ২। পৌরনীতি ও নাগরিকতা ৩। ব্যবসায় উদ্যোগ	১৩৭ ১৪০ ১৪৩	২০/০২/২০২০ বৃহস্পতিবার	X	X
১। হিসাব বিজ্ঞান	১৪৬	২২/০২/২০২০ শনিবার	X	X
১। বিজ্ঞান ২। উচ্চতর গণিত (তত্ত্বীয়)	১২৭ ১২৬	২৩/০২/২০২০ রবিবার	X	X
১। জীব বিজ্ঞান (তত্ত্বীয়) ২। অর্থনীতি	১৩৮ ১৪১	২৫/০২/২০২০ মঙ্গলবার	X	X
১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৫০	২৭/০২/২০২০ বৃহস্পতিবার	X	X

ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

বিষয়	বিষয় কোড	তারিখ ও দিন	সময়	স্থান	মন্তব্য
২। সঙ্গীত সহ (১৪৯) সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা	২৯/০২/২০২০বুধবার হতে ০৫/০৩/২০২০ বৃহস্পতিবার পর্যন্ত (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে) এবং ১২/০৩/২০২০ বৃহস্পতিবার তারিখের মধ্যে হাতে হাতে প্রিন্ট কপি এবং ব্যবহারিক উত্তরপত্র,স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুসঙ্গিক কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে।		প্রতিদিন সকাল ১০ টা হতে পরীক্ষা শুরু হবে।	স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্র/ভেন্যুতে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে)	১। সঙ্গীত বিষয়ের সঙ্গীত অংশের ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীকে প্রবেশপত্র,নিবন্ধনপত্র,বাদ্যযন্ত্র,তবলাবাদক ও সনাক্তকারী শিক্ষকসহ নিজ খরচে নির্ধারিত তারিখে সকাল ০৯.৩০ মিনিটের মধ্যে বোর্ডে/ কেন্দ্রে উপস্থিত হতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মুল উত্তরপত্র ব্যবহার করা যাবে না।

বিশেষ নির্দেশাবলী:

১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

৩। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।

৫। ২০১৬-২০১৭,২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা,স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধূলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান সমূহ সংশিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।

৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের ওএমআর ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়),বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।

৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়),বহুনির্বাচনি ও ব্যবহারিক) নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।

১১। কেন্দ্রসচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবে না।

১২। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।

১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব কেন্দ্র/ভেন্যুতে অনুষ্ঠিত হবে। কেবলমাত্র বেসিক ট্রেড বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

১৪। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুন:নিরীক্ষার জন্য অন - লাইনে এসএমএস এর মাধ্যমে আবেদন করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৯.০১.২০২০

অরুন কুমার গাইন-১০২৬০
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
ফোন অফিসঃ ০৪৩১-৬৪০৮৫
ইমেইল barisalboard@gmail.com

নোটিশ